

বাংলাদেশ

অবিলম্বে শিক্ষার্থীদের কাছে সব পাঠ্যপুস্তক পৌঁছে দেওয়ার দাবি শিক্ষা সংস্কৃতি আন্দোলনের

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ০৪ মার্চ ২০২৫, ২২: ০১



শিক্ষার্থীরা ফাইল ছবি: প্রথম আলো

অবিলম্বে মাধ্যমিক ও প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের কাছে সব পাঠ্যপুস্তক পৌঁছে দেওয়ার দাবি জানিয়েছে জাতীয় শিক্ষা সংস্কৃতি আন্দোলন।

আজ মঙ্গলবার এক বিবৃতিতে এ দাবি জানিয়েছেন সংগঠনটির আহ্বায়ক মাহমুদ সেলিম ও সদস্যসচিব রুস্তম আলী।

বিবৃতিতে বলা হয়েছে, দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে যথাসময়ে বই সরবরাহ না হওয়ায় শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। বছরের প্রথম দুই মাস অতিক্রান্ত হয়ে তৃতীয় মাস চলছে। ইতিমধ্যে বিদ্যালয়গুলোতে ৪০ দিনের রমজানের ছুটি শুরু হয়েছে।

শিক্ষা সংস্কৃতি আন্দোলনের বিবৃতিতে আরও বলা হয়েছে, ‘সংবাদমাধ্যমের মাধ্যমে আমরা জানতে পেরেছি, মাধ্যমিক স্তরে ৬ কোটি ২২ লাখ পাঠ্যপুস্তক এখনো ছাপা হয়নি। বিভিন্ন সূত্র জানাচ্ছে, কাগজসহ নানা সংকটের কারণে এনসিটিবি চলতি মাসে সব বই পৌঁছে দেওয়ার ঘোষণা দিলেও প্রকৃতপক্ষে তা সম্ভব নয়।’

